

PRINT

## সমকাল

১১ দফা দাবি

### কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষকদের আজ মহাসমাবেশ

১২ ঘন্টা আগে

#### সমকাল প্রতিবেদক

জাতীয়করণসহ ১১ দফা দাবিতে সারাদেশে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট চালিয়ে যাওয়ার পাশাপাশি আজ বুধবার রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে মহাসমাবেশ করবেন শিক্ষকরা। 'শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটি'র ব্যানারে সকাল ৯টা থেকে এ মহাসমাবেশ শুরু হবে। গতকাল মঙ্গলবার সংগ্রাম কমিটির সময়স্থানের অধ্যক্ষ আসাদুল হক সমকালকে এ কথা জানান।

জাতীয়করণের আন্দোলন পরিচালনার জন্য গত জানুয়ারিতে দেশের ৯টি শিক্ষক-কর্মচারী সংগঠনের জাতীয় নেতাদের সমন্বয়ে ২৭ সদস্যের 'শিক্ষক-কর্মচারী সংগ্রাম কমিটি' গঠিত হয়। সংগঠনটির ১১ দফা দাবির মধ্যে রয়েছে- শিক্ষাব্যবস্থা জাতীয়করণ, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের মতো ৫ শতাংশ বার্ষিক প্রবৃদ্ধি, পূর্ণাঙ্গ উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা, বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা প্রদান প্রভৃতি।

শাহবাগ থানার ওসি আবুল হাসান বগেন, মহাসমাবেশের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও পুলিশের অনুমতি নেওয়া হয়নি। তাই আয়োজক শিক্ষক নেতা আসাদুলসহ ১৫-২০ জনকে থানায় ডাকা হয়েছে। তাদের কাউকে গ্রেফতার করা হয়নি।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)